# বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন

## এলপি গ্যাস লিমিটেড

ব্যবস্থাপনা পরিচালক, এলপি গ্যাস লিমিটেড

এবং

চেয়ারম্যান, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই, ২০২০ – ৩০ জুন, ২০২১

# সূচিপত্র


| ক্রমিক নং | বিবরণী | | পৃষ্ঠা নং |
|---|---|---|---|
| ১ | উপক্রমণিকা (Preamble) | | ৩ |
| ২ | এলপি গ্যাস লিমিটেড এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র | | ৪ |
| ৩ | সেকশন- ১: | কোম্পানির রূপকল্প (Vision), অভিলক্ষ্য(Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি | ৫ |
| ৪ | সেকশন- ২ : | এলপিজি'র বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) | ৬ |
| ৫ | সেকশন- ৩ : | কৌশলগত উদ্দেশ্য, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ | ৭ |
| ৬ | সেকশন- ৩ : | কোম্পানির আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | ৮ |
| ৭ | সংযোজনী- ১: | শব্দসংক্ষেপ (Acronyms) | ১১ |
| ৮ | সংযোজনী- ২: | কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতির বিবরণ | ১২ |
| ৯ | সংযোজনী- ৩: | কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্য দপ্তর/সংস্থার উপর নির্ভরশীলতা | ১৩ |

# উপক্রমণিকা (Preamble)

সরকারি দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

ব্যবস্থাপনা পরিচালক, এলপি গ্যাস লিমিটেড (বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশনের অঙ্গ প্রতিষ্ঠান)

এবং

চেয়ারম্যান, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন এর মধ্যে ২০২০ সালের জুলাই মাসের ৩০ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

# এলপি গ্যাস লিমিটেড এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র
# (Overview of the Performance of LP Gas Limited)

## সাম্প্রতিক অর্জন, সমস্যা ও চ্যালেঞ্জসমূহ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

**সাম্প্রতিক বছরসমূহে (বিগত তিন বছরের) প্রধান অর্জনসমূহ:**

সরকার ২০২১ সালের মধ্যে দেশকে মধ্যম আয়ের দেশে রূপান্তরের জন্য রূপকল্প-২০২১ বাস্তবায়ন করছে। রূপকল্প বাস্তবায়নের অন্যতম প্রধান উপাদান হলো সর্বক্ষেত্রে জ্বালানি সরবরাহ নিশ্চিত করা। বিপিসি'র অঙ্গ প্রতিষ্ঠান হিসেবে পরিচালিত এলপি গ্যাস লিমিটেড ১৯৭৭-৭৮ সাল থেকে সরকারি খাতে অভ্যন্তরীণ উৎস হতে উৎপাদিত এলপিজি বোতলজাত করে বিপিসি'র নিয়ন্ত্রণে পরিচালিত বিপণন কোম্পানিসমূহকে বাজারজাতকরণের জন্য সরবরাহ করে আসছে। এলপি গ্যাস লিমিটেড ২০১৭-১৮, ২০১৮-১৯ ও ২০১৯-২০ অর্থ বছরে সরকারি খাতে অভ্যন্তরীণ উৎস থেকে উৎপাদিত মোট ৫০,০০০ মেট্রিক টন এলপিজি বোতলজাত করে সারাদেশে ভোক্তাসাধারণের দোরগোড়ায় পৌঁছানোর লক্ষ্যে বিপণন কোম্পানিসমূহকে সরবরাহ করেছে। এছাড়া চট্টগ্রামস্থ পতেঙ্গা ও সিলেটস্থ কৈলাশটিলা এলপিজি প্ল্যান্টের আউটলেট থেকে সরকার নির্ধারিত মূল্যে ভোক্তাগণকে স্ব-স্ব এন.আই.ডি'র বিপরীতে প্রতিমাসে সর্বোচ্চ দুই সিলিন্ডার গ্যাস সরবরাহ করা হচ্ছে।

**সমস্যা ও চ্যালেঞ্জসমূহ:**

প্রাকৃতিক গ্যাসের স্বল্পতা, সারাদেশে ব্যয়বহুল গ্যাস সঞ্চালন নেটওয়ার্ক নির্মাণ এবং পরিবেশের ভারসাম্য রক্ষায় বনাঞ্চল ধ্বংসরোধ কল্পে সরকার ইতিমধ্যে গার্হস্থ্য রান্নার কাজে লাইন গ্যাসের বিকল্প হিসেবে সর্বস্তরে বোতলজাত এলপিজি সরবরাহের সিদ্ধান্ত গ্রহণ করেছে। লাইন গ্যাস সংযোগ বন্ধকরণ এবং বিকল্প হিসেবে দেশের সকল ভোক্তাসাধারণের দোরগোড়ায় সহজ ও সুলভ মূল্যে পরিচ্ছন্ন ও নিরাপদ গৃহস্থালি জ্বালানি হিসেবে এলপিজি সরবরাহ করা কোম্পানির জন্য বড় চ্যালেঞ্জ।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

দেশে বর্তমানে প্রায় দশ লক্ষ মেট্রিক টন এলপি গ্যাসের চাহিদা রয়েছে যা উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে এবং লাইন গ্যাস বন্ধ করা হলে এ চাহিদা গুণিতক হারে বৃদ্ধি পাবে। দেশের প্রায় ১৬.৮ কোটি জনসাধারণের গৃহস্থালি জ্বালানির ব্যাপক চাহিদা পূরণের লক্ষ্যে সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানকে একযোগে কাজ করতে হবে। এ লক্ষ্যে বেসরকারি পর্যায়ে এলপিজি বটলিং প্ল্যান্ট নির্মাণ, এলপিজি আমদানি, বোতলজাত ও বাজারজাত করা উন্মুক্ত করা হয়েছে। সরকারি পর্যায়ে স্থানীয় উৎস হতে উৎপাদিত এলপিজি বোতলজাত ও বাজারজাতকরণ ছাড়াও চট্টগ্রামে আমদানি নির্ভর ১টি এলপিজি বটলিং প্ল্যান্ট নির্মাণের কার্যক্রম চলমান রয়েছে যার উৎপাদন ক্ষমতা হবে বছরে ১(এক) লক্ষ মেট্রিক টন। এছাড়া ভবিষ্যতে কক্সবাজারের মহেশখালীতে প্রথম পর্যায়ে বার্ষিক ২(দুই) লক্ষ মেট্রিক টন উৎপাদন ক্ষমতার ১টি আমদানি নির্ভর এলপিজি প্রকল্প গ্রহণ করা হবে, যা ২য় পর্যায়ে ৪(চার) লক্ষ মেট্রিক টনে উন্নীত করা হবে।

**২০২০-২১ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

১। মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনা বাস্তবায়নের জন্য পিপিপি'র আওতায় চট্টগ্রামের লতিফপুর মৌজায় গৃহিত বার্ষিক ১(এক) লক্ষ মেট্রিক টন উৎপাদন ক্ষমতার আমদানি নির্ভর এলপিজি বটলিং প্রকল্প এবং মহেশখালীতে বার্ষিক ২(দুই) লক্ষ মেট্রিক টন উৎপাদন ক্ষমতার আমদানি নির্ভর এলপিজি প্রকল্প বাস্তবায়ন হলে জনসাধারণের গৃহস্থালি জ্বালানির চাহিদা পূরণের পাশাপাশি সরকারের পক্ষে এলপিজি'র বাজার নিয়ন্ত্রণ করা সম্ভব হবে।
২। ভোক্তাগণকে স্ব-স্ব এন.আই.ডি'র বিপরীতে প্রতিমাসে সর্বোচ্চ দুই সিলিন্ডার গ্যাস সরকার নির্ধারিত মূল্যে ও সঠিক ওজনে সরবরাহ করার ফলে জনসাধারণ সরাসরি উপকৃত হবে।

## সেকশন- ১

কোম্পানির রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives) এবং কার্যাবলী (Functions):

### ১.১ রূপকল্প (Vision):

পরিচ্ছন্ন, নিরাপদ ও সহজে পরিবহনযোগ্য জ্বালানি হিসেবে অভ্যন্তরীণ উৎস হতে উৎপাদিত এবং আমদানিকৃত এলপিজি বোতলজাত করে পর্যায়ক্রমে দেশের সকল ভোক্তাসাধারণের দোরগোড়ায় সহজ ও সুলভ মূল্যে নিরবচ্ছিন্ন সরবরাহ নিশ্চিতকরণ।

### ১.২ অভিলক্ষ্য (Mission):

অভ্যন্তরীণ উৎস হতে উৎপাদিত সমুদয় এলপিজি বোতলজাত ও বিতরণ করা এবং অতিরিক্ত চাহিদা পূরণের জন্য এলপিজি আমদানির লক্ষ্যে টার্মিনাল নির্মাণপূর্বক আমদানিকৃত এলপিজি'র বিতরণ ব্যবস্থা উন্নয়নের মাধ্যমে দেশের জনগণের জন্য গৃহস্থালি জ্বালানির নিরাপত্তা নিশ্চিতকরণ।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives):

১.৩.১ কোম্পানির কৌশলগত উদ্দেশ্যসমূহ:

১. অভ্যন্তরীণ উৎস হতে বাল্ক এলপিজি ক্রয় এবং নতুন সিলিন্ডার ক্রয়/আমদানি ও পুরাতন সিলিন্ডার মেরামত।
২. স্টক সংরক্ষণ এবং এলপিজি বোতলজাতকরণ।
৩. এলপি গ্যাস এবং নতুন সিলিন্ডার বিতরণ।
৪. প্রশিক্ষণ কার্যক্রম।

১.৩.২ মাঠ পর্যায়ের আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ:

১. দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহিতা নিশ্চিতকরণ।
২. কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি।
৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন।

### ১.৪ কোম্পানির কার্যাবলি (Functions):

১. বাল্ক এলপিজি ক্রয়, বিক্রয়, আমদানি ও বিতরণ করা।
২. এলপিজি বোতলজাত, বিতরণ ও বাজারজাতকরণ।
৩. বাল্ক এলপিজি আমদানিকরণ টার্মিনাল নির্মাণ ও মজুদের জন্য প্রয়োজনীয় স্টোরেজ ট্যাংক নির্মাণ।
৪. এলপিজি'র বিপণন ব্যবস্থার উন্নয়ন।
৫. বোতলজাত এলপিজি ভোক্তাগণের নিকট বিতরণ ও বিপণন।
৬. পুরাতন সিলিন্ডার রি-টেস্ট ও মেরামত করা।
৭. নতুন সিলিন্ডার আমদানিপূর্বক ব্যবহার অযোগ্য সিলিন্ডার প্রতিস্থাপন করা।
৮. ম্যানেজিং এজেন্ট হিসেবে দায়িত্ব পালন বা যে কোন ফার্ম বা কোম্পানির সঙ্গে যে কোন ব্যবস্থাপনার চুক্তি বা অন্য কোন প্রকারের চুক্তি বা কন্ট্রাক্ট সম্পাদন।

## সেকশন- ২

এলপিজি'র বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) | কর্মসম্পাদন সূচকসমূহ (Performance Indicator) | একক | প্রকৃত | | লক্ষ্যমাত্রা ২০২০-২১ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহের নাম | উপাত্তসমূহ |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০১৮-১৯ | ২০১৯-২০* | | ২০২১-২২ | ২০২২-২৩ | | |
| দেশের সর্বত্র এলপিজি'র নিরবচ্ছিন্ন সরবরাহ নিশ্চিতকরণ | মাথাপিছু এলপিজি'র ব্যবহার | কেজিওই (Kg Oil Equivalent) | ১.০০০ | ০.০৭৯৭ | ১.০০০ | ১.১১০ | ১.১৫০ | অর্থ বিভাগ<br>পরিকল্পনা কমিশন<br>জাতীয় রাজস্ব বোর্ড<br>বাংলাদেশ ব্যাংক | এলপিজি'র বার্ষিক প্রতিবেদন |
| | | | | | | | | জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ<br>বিপিসি এবং এর অঙ্গ প্রতিষ্ঠানসমূহ<br>পেট্রোবাংলা এবং আরপিজিসিএল | বাংলাদেশ স্ট্যাটিস্টিক্যাল ব্যুরো |

* সাময়িক

# সেকশন-৩

## কৌশলগত উদ্দেশ্য, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম(Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা মান/নির্ণায়ক ২০২০-২১ (Target /Criteria Value for FY 2019-20) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০২১-২২ | প্রক্ষেপণ (Projection) ২০২২-২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৮-১৯ | ২০১৯-২০* | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| কোম্পানির কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| ১) অভ্যন্তরীণ উৎস হতে বাল্ক এলপিজি ক্রয় এবং নতুন সিলিন্ডার ক্রয়/আমদানি ও পুরাতন সিলিন্ডার মেরামত | ৩৫ | ১.১) অভ্যন্তরীণ উৎস হতে বাল্ক এলপিজি ক্রয় কার্যক্রম | ১.১.১) বাল্ক এলপিজি ক্রয় | লক্ষ মেঃ টন | ২০ | ০.১৮৪ | ০.১৩৪ | ০.১৬০ | ০.১৫৫ | ০.১৫০ | ০.১৪৫ | ০.১৪০ | ০.১৭০ | ০.১৭৫ |
| | | ১.২) নতুন সিলিন্ডার ক্রয়/আমদানি কার্যক্রম | ১.২.১) নতুন সিলিন্ডার ক্রয়/আমদানি | লক্ষ পিস | ৫ | ০.০১৯ | - | ০.২০ | ০.১৫ | ০.১০ | ০.০৮ | ০.০৬ | ০.৫০ | ০.৫০ |
| | | ১.৩) পুরাতন সিলিন্ডার মেরামত কার্যক্রম | ১.৩.১) পুরাতন সিলিন্ডার মেরামত | লক্ষ পিস | ১০ | ০.০৬৭ | ০.০৪ | ০.১০ | ০.০৮ | ০.০৬ | ০.০৪ | ০.০২ | ০.১০ | ০.১০ |
| ২) স্টক সংরক্ষণ এবং এলপিজি বোতলজাতকরণ | ২০ | ২.১ স্টক সংরক্ষণকার্যক্রম | ২.১.১) স্টক সংরক্ষণ | লক্ষ পিস | ১০ | ০.১২ | ০.১২ | ০.১২ | ০.১১ | ০.১০ | ০.০৯ | ০.০৮ | ০.১২ | ০.১৩ |
| | | ২.২) এলপিজি বোতলজাতকরণ কার্যক্রম | ২.২.১) এলপিজি বোতলজাতকরণ | লক্ষ পিস | ১০ | ১৪.৭২ | ১০.৭২ | ১২.৮০ | ১২.৪ | ১২.২০ | ১২.০০ | ১১.৮০ | ১৩.৫০ | ১৩.৬০ |
| ৩) এলপি গ্যাস এবং নতুন সিলিন্ডার বিতরণ | ১৫ | ১.১)এলপি গ্যাস বিতরণকার্যক্রম | ১.১.১) এলপি গ্যাস বিতরণ | লক্ষ পিস | ১০ | ১৪.৭২ | ১০.৭২ | ১২.৮০ | ১২.৪০ | ১২.২০ | ১২.০০ | ১১.৮০ | ১৩.৫০ | ১৩.৬০ |
| | | ১.২) নতুন সিলিন্ডার বিতরণকার্যক্রম | ১.২.১) নতুন সিলিন্ডার বিতরণ | লক্ষ পিস | ৫ | ০.০২ | ০.০২৭ | ০.০৮ | ০.০৬ | ০.০৪ | ০.০২ | ০.০১ | ০.১০ | ০.১২ |
| ৪) প্রশিক্ষণ কার্যক্রম | ৫ | ১.১) প্রশিক্ষণের মাধ্যমে দক্ষতা বৃদ্ধি | ১.১.১) কর্মকর্তা ও কর্মচারীর প্রশিক্ষণ | জন | ৫ | ৭৭ | ৬৮ | ৭০ | ৬৩ | ৫৬ | ৫০ | ৪৫ | ৭৫ | ৭৫ |

## কোম্পানির আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ, ২০২০-২১

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ লক্ষ্যমাত্রারমান২০২০-২১ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগতউদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগতউদ্দেশ্যেরমান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদনসূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদনসূচকেরমান (Weight of Performance Indicator) | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতিমানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| [১] দাপ্তরিক কর্মকাণ্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ | ১১ | [১.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়ন। | [১.১.১] এপিএ'র সকল ত্রৈমাসিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | সংখ্যা | ২ | ৪ | - | - | - | - |
| | | | [১.১.২] এপিএ টিমের মাসিক সভা অনুষ্ঠিত | সংখ্যা | ১ | ১১ | ১১ | - | - | - |
| | | [১.২] শুদ্ধাচার/উত্তম চর্চার বিষয়ে অংশীজনদের সঙ্গে মতবিনিময় | [১.২.১] মতবিনিময় সভা অনুষ্ঠিত | সংখ্যা | ২ | ৪ | ৩ | ২ | - | - |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবাগ্রহীতা /অংশীজনদের অবহিতকরণ | [১.৩.১]অবহিতকরণ সভা আয়োজিত | সংখ্যা | ২ | ৪ | ৩ | ২ | - | - |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরণ | [১.৪.১]অবহিতকরণ সভা আয়োজিত | সংখ্যা | ২ | ৪ | ৩ | ২ | | - |
| | | [১.৫] তথ্য বাতায়ন হালনাগাদ সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ | [১.৫.১] ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরিত | সংখ্যা | ২ | ৪ | ৩ | | | |
| [২] কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি | ৮ | [২.১]ই-নথি বাস্তবায়ন | [২.১.১] ই-নথিতে নোট নিষ্পত্তিকৃত | % | ২ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | - |
| | | [২.২] উদ্ভাবনী /ক্ষুদ্র উন্নয়ন উদ্যোগ বাস্তবায়ন | [২.২.১] ন্যূনতম একটি উদ্ভাবনী /ক্ষুদ্র উন্নয়ন উদ্যোগ চালুকৃত | সংখ্যা | ২ | ১৫-২-২১ | ১৫-৩-২১- | ১৫-৪-২১ | ১৫-৫-২১ | - |
| | | [২.৩] কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান | [২.৩.১] প্রত্যেক কর্মচারির জন্য প্রশিক্ষণ আয়োজিত | জনঘণ্টা | ২ | ৪০ | ৩০ | ২০ | ১০ | - |
| | | | [২.৩.২] ১০ম গ্রেড ও তদুর্ধ্ব প্রত্যেক কর্মচারীকে এপিএ বিষয়ে প্রদত্ত প্রশিক্ষণ | জনঘণ্টা | ১ | ৫ | ৪ | - | - | - |
| | | [২.৪] এপিএ বাস্তবায়নে প্রনোদনা প্রদান | [২.৪.১] ন্যূনতম একটি আওতাধীন দপ্তর/ একজন কর্মচারীকে এপিএ বাস্তবায়নের জন্য প্রনোদনা প্রদানকৃত | সংখ্যা | ১ | ১ | - | - | - | - |

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| [৩] আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৬ | [৩.১] বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন | [৩.১.১] ক্রয় পরিকল্পনা অনুযায়ী ক্রয় সম্পাদিত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | [৩.২] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)/বাজেট বাস্তবায়ন | [৩.২.১] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) /বাজেট বাস্তবায়িত | % | ২ | ১০০ | ৯০ | ৮০ | | |
| | | [৩.৩] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৩.৩.১] অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ২ | ৫০ | ৪০ | ৩০ | ২৫ | - |
| | | [৩.৪] হালনাগাদকৃত স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা উর্দ্ধতন অফিসে প্রেরণ | [৩.৪.১] হালনাগাদকৃত স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা উর্দ্ধতন অফিসে প্রেরিত | তারিখ | ১ | ১৫-১২-২০ | ১৪-০১-২১ | ১৫-২-২১ | - | - |

আমি, ব্যবস্থাপনা পরিচালক, এলপি গ্যাস লিমিটেড বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন এর চেয়ারম্যান মহোদয়ের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, চেয়ারম্যান, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত

৩০-০৭-২০২০

ব্যবস্থাপনা পরিচালক
এলপি গ্যাস লিমিটেড

তারিখ

মোঃ সামছুর রহমান
চেয়ারম্যান (সরকারের সচিব)
বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন

৩১.০৭.২০২০

চেয়ারম্যান
বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন

তারিখ

# শব্দসংক্ষেপ
# (Acronyms)

| ক্রমিক নং | শব্দসংক্ষেপ | বিবরণ |
|---|---|---|
| ১ | আরপিজিসিএল | রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানী লিমিটেড |
| ২ | ইআরএল | ইস্টার্ণ রিফাইনারী লিমিটেড |
| ৩ | এলপিজিএল | এলপি গ্যাস লিমিটেড |
| ৪ | এলপিজি | লিকুইফাইড পেট্রোলিয়াম গ্যাস |
| ৫ | জেডিসি | জয়েন্ট ডিপ সার্টিফিকেট |
| ৬ | ডিপিপি | ডেভেলপমেন্ট প্রোজেক্ট প্রপোজাল |
| ৭ | পিআরএল | পোস্ট রিটায়ারমেন্ট লীভ |
| ৮ | পিওএল | পেট্রোলিয়াম অয়েল এন্ড লুব্রিকেন্টস |
| ৯ | পিপিপি | পাবলিক প্রাইভেট পার্টনারশীপ |
| ১০ | বিআইডব্লিউটিএ | বাংলাদেশ ইনল্যান্ড ওয়াটার ট্রান্সপোর্ট অথরিটি |
| ১১ | বিপিসি | বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন |
| ১২ | মেঃ টন | মেট্রিক টন |
| ১৩ | কেজিওই | কিলোগ্রাম ওয়েল ইকুইভেলেন্ট |

**সংযোজনী-২:** কর্মসম্পাদন সূচকসমূহ,বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতির বিবরণ

| ক্রমিক নং | কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী | পরিমাপ পদ্ধতি এবং উপাত্ত সূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ইআরএল ও আরপিজিসিএল হতে বাল্ক এলপিজি ক্রয় | স্থানীয় উৎস হতে বাল্ক এলপিজি ক্রয় | ভোক্তাসাধারণের দোরগোড়ায় বোতলজাত এলপিজি পৌঁছানোর লক্ষ্যে অভ্যন্তরীণ উৎস যথা- ইআরএল / আরপিজিসিএল-এ উৎপাদিত বাল্ক এলপিজি ক্রয় ও বোতলজাত করতঃ বিপণন কোম্পানিসমূহকে সরবরাহ। | এলপি গ্যাস লিমিটেড | ইআরএল থেকে জেডিসি'র মাধ্যমে এবং আরপিজিসিএল থেকে ফ্লো মিটারের মাধ্যমে। এলপিজিএল-এর বার্ষিক প্রতিবেদন। | |
| ২ | বাল্ক এলপিজি আমদানি | আন্তর্জাতিক বাজার থেকে বাল্ক এলপিজি ক্রয় | অভ্যন্তরীণ উৎস হতে উৎপাদিত এলপিজি পর্যাপ্ত নয় বিধায় আমদানি করা প্রয়োজন হবে। | এলপি গ্যাস লিমিটেড | ফ্লো মিটারের রিডিং এবং এলপিজিএল-এর বার্ষিক প্রতিবেদন। | |
| ৩ | মজুদ ক্ষমতা বৃদ্ধিকরণ | এলপিজি স্টোরেজ ক্ষমতা বৃদ্ধি | দৈনিক চাহিদা পূরণের জন্য এলপিজি'র পর্যাপ্ত পরিমাণ সরবরাহ অত্যন্ত জরুরী। নিরবচ্ছিন্ন বোতলজাত এলপিজি সরবরাহের লক্ষ্যে মজুদ ক্ষমতা বৃদ্ধিকরণ প্রয়োজন। | এলপি গ্যাস লিমিটেড | এলপিজিএল-এর বার্ষিক প্রতিবেদন। | |

**সংযোজনী-৩:** কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্য দপ্তর/সংস্থার উপর নির্ভরশীলতা

| প্রতিষ্ঠানের নাম | কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/প্রত্যাশা | চাহিদা/প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|
| জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ | অনুমোদন | প্রশাসনিক ও আর্থিক অনুমোদন | সরকারি নীতিমালা অনুযায়ী | কার্যক্রম ব্যাহত হবে। |
| অর্থবিভাগ | অনুমোদন | আর্থিক বন্টন | সরকারি নীতিমালা অনুযায়ী | কার্যক্রম ব্যাহত হবে। |
| পরিকল্পনা কমিশন | অনুমোদন | ডিপিপি অনুমোদন | সরকারি নীতিমালা অনুযায়ী | প্রজেক্ট বাস্তবায়িত হবে না। |
| বিআইডব্লিউটিএ | পরিবহন | নদীপথে এলপিজি পরিবহন | নদীপথে কম পরিবহন খরচে এলপিজি সরবরাহ নিশ্চিতকরণের লক্ষ্যে | পরিবহন ব্যাহত হবে। |